# জাগরণী



আল-হেরা শিল্পীগোষ্ঠী

Contents

# জাগরণী

আল-হেরা শিল্পীগোষ্ঠী

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

www.hadeethfoundationbd.com

Contents

# প্রকাশকের নিবেদন

*বিসমিল্লা-হির রহমা-নির রহীম*

*নাহমাদুহূ  ওয়া নুছাল্লী 'আলা রাসূলিহিল কারীম*

কবিতা ও গানের মাধ্যমে মনের ভাব প্রকাশ ও অনুপ্রেরণা জাগানো মানুষের সুপ্রাচীন রীতি। তার সঙ্গে সুরের মূর্ছনা শ্রোতাকে মন্ত্রমুগ্ধ করে ফেলে। এর দ্বারা তাকে যেমন ভাল কাজে উদ্বুদ্ধ করা যায়, তেমনি অন্যায় কাজে প্ররোচিত করা হয়। এজন্যই হাদীছে এসেছে, 'কবিতার ভালগুলি ভাল ও মন্দগুলি মন্দ' *(আল-আদাবুল মুফরাদ হা/৮৬৫)*।

প্রত্যেক জাতির রয়েছে স্বতন্ত্র কৃষ্টি ও সংস্কৃতি। মুসলিম জাতির রয়েছে পৃথক তাহযীব ও তামাদ্দুন। এই স্বাতন্ত্র্য ফুটে ওঠে তার ভাষায় ও সাহিত্যে, কবিতায় ও গানে। দুঃখের বিষয়, আজকে মুসলিম সমাজ তার স্বকীয় ঐতিহ্য ভুলতে বসেছে। আমাদের সমাজ জীবনে আজ স্থান করে নিয়েছে বিজাতীয় অপসংস্কৃতির জোয়ার। অন্যদিকে ইসলামী সংগীতের ভুবনে আসন করে নিয়েছে বিভিন্ন শিরক ও বিদ'আতী গান ও কবিতা সমূহ। এসবের বিপরীতে 'আল-হেরা শিল্পীগোষ্ঠী' সংস্কারের দৃঢ় বার্তা নিয়ে সমাজকে উপহার দিয়েছে নির্ভেজাল তাওহীদ ও ছহীহ হাদীছ ভিত্তিক ইসলামী কবিতা ও গানের এক গুচ্ছ গোলাপের ডালি। এজন্য তারা তাদের সংগীতকে 'জাগরণী' বলে অভিহিত করেন। আমরা তাদের এই সুন্দর প্রচেষ্টাকে স্বাগত জানাই। পুঁতিগন্ধময় সমাজকে তারা করে তুলুক সুরভিত, তাওহীদ ও সুন্নাহ্র আলোকে যাবতীয় অন্ধকার হৌক দূরীভূত, 'আল-হেরা'র আলোকচ্ছটায় বাংলার গ্রাম-গঞ্জ ও প্রতিটি গৃহকোণ হৌক আলোকিত- আমরা সেই কামনা করি।

আল্লাহ রাব্বুল আলামীন 'আল-হেরা শিল্পীগোষ্ঠী'র এই অক্লান্ত শ্রম ও খালেছ নিয়তকে কবুল করুন এবং জাগরণী বইটি প্রকাশে যারা যতটুকু সহযোগিতা করেছেন, তাদের সবাইকে উত্তম জাযা দান করুন- আমীন!

সচিব
হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

# ‘আল-হেরা শিল্পীগোষ্ঠী’র

# সংক্ষিপ্ত পরিচিতি

১৯৯১ সালের ২৫ ও ২৬শে এপ্রিল রাজশাহী মহানগরীর নওদাপাড়ায় অনুষ্ঠিত ‘বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ’-এর ২য় জাতীয় সম্মেলন ও তাবলীগী ইজতেমার পরপরই মুহতারাম আমীরে জামা‘আত **ড. মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব** ছাহেবের প্রস্তাবক্রমে ‘বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘে’র কেন্দ্রীয় কমিটি ও কেন্দ্রীয় উপদেষ্টা পরিষদের যৌথ বৈঠকের পরামর্শ অনুযায়ী জয়পুরহাটের নবাগত তরুণ শিল্পী শফীউল আলম (পরবর্তী নাম ‘শফীকুল ইসলাম’)-এর নেতৃত্বে ‘আল-হেরা শিল্পীগোষ্ঠী’র পদযাত্রা শুরু হয়। ইসলামী জাগরণী ও কবিতা সমূহকে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছমুখী করার মহান লক্ষ্যে আল্লাহ পাকের সর্বশেষ অহি-র প্রথম অবতরণস্থল ঐতিহাসিক ‘হেরা’ গুহার নামানুসারে আহলেহাদীছ তরুণ শিল্পীদের এই সংগঠনকে ‘আল-হেরা শিল্পীগোষ্ঠী’ নামকরণ করা হয়, যা ‘আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ’-এর সাহিত্য বিভাগের তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছিল। পরবর্তীতে ১৯৯৯-২০০১ সেশন থেকে কেন্দ্রীয় গবেষণা ও প্রকাশনা বিভাগের অধীনে পরিচালিত হয়ে আসছিল। বর্তমানে তা ‘বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ’-এর অধীনে পরিচালিত হচ্ছে। *ফালিল্লা-হিল হাম্‌দ*। আল্লাহ প্রদত্ত অমূল্য নে‘মত সুললিত কণ্ঠগুলি আল্লাহ প্রেরিত সর্বশেষ অহি-র বাস্তবায়নে ব্যয়িত হউক, আল-হেরার জান্নাতী পথে তারা সমবেত হয়ে সমাজ বিপ্লবে অবদান রাখুক সেই আশা রেখেই আজকের মত শেষ করছি। আল্লাহ আমাদের সহায় হৌন-আমীন!!

**মুহাম্মাদ মুসলিম**
সম্পাদক
সাহিত্য বিভাগ
আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ

# অহি-র দাওয়াত

*-মুহাম্মাদ বেলাল হোসাইন, পাবনা।*

অহি-র দাওয়াত নিয়ে আজি তোমরা আবার কে
ইসলামী দল হালি, হালি (২) ফের্ক্বা করেছে
আমি কোন দিকে যাই পড়ে আছি গোলক ধাঁধাতে। -ঐ
ওরা বলে দেখ শুধু ছালাত পড়ে কে
আর তোমরা বল ঐ নামাযী যাবে ওয়েলে
ওরা বলে খুঁটি নাটি ছেড়ে দিয়ে ঐক্য হ'তে আয়
তোমার দাবি অহি-র বিধান মানবে না তাই খুঁটি নাটি কয়
ভেঙ্গে চুরে দিয়ে যত রসম রেওয়াজ কে। -ঐ
মোরা কে? মোরা মুহাম্মাদী মোরা আহলেহাদীছ
নবী মোদের মুহাম্মাদ সেই তরীকাতে
অন্য নামে নাম তাই রাখিনি রে। -ঐ

# অন্তরের অন্তর্যামী

*-বেগম সেলিনা আখতার, ঢাকা।*

অন্তরের অন্তর্যামী আছ তুমি কোন খানে (২)
তোমাকে খুঁজে ফিরি এখানে-ওখানে। -ঐ
আরশেতে আছ তুমি জানি ওগো দয়াময় (২)
তুমি যে আমার কাছে (২) চির জ্যোতির্ময়। -ঐ
তোমাকে স্মরণ করে পড়ি ওগো ছালাত (২)
তুমি সদা বিরাজিত মালিক মহারাজ। -ঐ
যদিও কখনও পাপ করি কোন খানে (২)
ক্ষমা করে দিও প্রভু (২) তুমি নিজ গুণে। -ঐ

# অহি-র পথে মোরা ডাকবো

*-আব্দুল্লাহ আল-মা'রূফ, বগুড়া।*

কুরআনের পথে মোরা চলবো
হাদীছের কথা সদা বলবো॥

Contents



আসুক যতই বাঁধা এই পথে
আসেও যদি মরণ এই পথে
অহি-র পথে মোরা ডাকবো ॥ -ঐ
ঈমান ও আমলের ঐকতানে
তাওহীদী চেতনায় গড়ব সমাজ,
জাহেলিয়াতের দ্বারে হানবো আঘাত
আক্বীদায় বিপ্লবী মোদের কণ্ঠ দরাজ।
কথা, কলম, সংগঠনে
বাতিলের শক্তি রুখবো ॥ -ঐ
বিজাতীয় দর্শন-মতবাদ রুখে
গড়ব মোরা ঈমানী প্রাচীর,
শিরক ও বিদ‘আতের বেড়াজাল ছেদ করে
থাকব মোরা আপোষহীন শির।
জান্নাতী কাফেলায় শরীক থেকে
অহির পথে সদা চলবো ॥ -ঐ

## আল-হেরার আলোক ছটা

*-মুহাম্মাদ নিযামুদ্দীন, কুষ্টিয়া।*

আল-হেরার আলোক ছটা পড়িল ধরায়
নিখিল ভুবন আলোকিত, আলোক ইশারায়।
জ্ঞানের স্বর্গ আল-হেরা
ধ্যানের স্বর্গ আল-হেরা
আল-হেরা তোমারে চায়
হাঁটি হাঁটি পায়ে পায়ে খুঁজিয়া বেড়ায়। – ঐ
চমকে ওঠে আল-হেরা আতঙ্কে
গায়েবী সালাম হয় আশংকে
সামনে দেখে সেই সে লোক
ভয় পায় আত্মলোক,
বলে মুহাম্মাদ তুমি পড়, পড় আল্লাহ্‌র নামে তুমি পড়। –ঐ
সেই হ’তে শুরু হয় জ্ঞান প্রভাত

সৃষ্টি করে রাসূলের ধৈর্য স্বভাব
বিশ্ববাসীর অহি-র জ্ঞান, পূর্ণ আছে আল-কুরআন
এর আলোকে তুমি জীবন গড়।
গড় আল্লাহ্র নামে জীবন গড়। -ঐ
আল-কুরআন আল-হাদীছের অনুসারী
করছে তারা যথা তথা তাবেদারী
'আহলেহাদীছ আন্দোলন' মানে না কারো আস্ফালন
আল-হেরার সঙ্গীত নিয়ে লড়
কুরআন সুন্নাহ্র আলোকে দেশ গড়। -ঐ

## আহলেহাদীছ আন্দোলনের কভু মরণ নাই

*-ড. মুহাম্মাদ মুছলেহুদ্দীন।*

আহলেহাদীছ আন্দোলনের কভু মরণ নাই
সকল পথের মরণ হ'লেও হকের পতন নাই। (২)
এক আল্লাহ্র উলূহিয়াত এক নবীরই এক ইমামত
কায়েম করতে কুরআন-সুন্নাহ্ কোশেশ নিরন্তর
ভয় করি না বুলেট-বোমা ঈমানী অন্তর
এক নীতিতে আল্লাহ্র পথে ডাকে সর্বদাই। -ঐ হকের মরণ....
কত নেতা জেলে গেল কত বন্ধু কাজ হারাল
নির্যাতনে ঘর ছাড়িল হাযার সজন
হাফিযুর ভাই বিলাইল অকাতরে জীবন
দারুণ ব্যথা বুকে লয়ে করে যাই লড়াই। -ঐ হকের মরণ.....
ইমাম মালেক নির্যাতিত আবু হানীফা নিষ্পেষিত
বিন তায়মিয়ার হ'ল মরণ অন্ধ কারাগারে
জেলের মধ্যে বিন হাম্বলের আঘাতে খুন ঝরে
তাদের কথা স্মরণ করে শান্তি খুঁজে পাই। -ঐ হকের মরণ....
যুলুম তোমরা করো যত ভীতি দেখাও অবিরত
অপবাদ দাও শত শত মনে চায় যেমন
মিথ্যা মামলা দিয়ে করো মানির মান হরণ
আল্লাহ তা'আলার আদালতে জাহান্নামে ঠাঁই। -ঐ হকের মরণ ...

# আহলেহাদীছ আন্দোলন

*-মুহাম্মাদ বেলালুদ্দীন, পাবনা।*

আহলেহাদীছ আন্দোলন, আহলেহাদীছ আন্দোলন
বিশ্ব জুড়ে সুর উঠেছে আহলেহাদীছ আন্দোলন
সারা দুনিয়ায় সুর উঠেছে আহলেহাদীছ আন্দোলন
আন্দোলন আন্দোলন 'আহলেহাদীছ আন্দোলন'। -ঐ
বাতিলের ঐ পথের বাধা, আহলেহাদীছ আন্দোলন
তাক্বলীদের ঐ পথের কাঁটা, আহলেহাদীছ আন্দোলন
আঁধার রাতের পথের মশাল, বলতে পার কোন সে দল?
'আহলেহাদীছ আন্দোলন'। -ঐ
পুঁজিবাদের সর্বনাশ আহলেহাদীছ আন্দোলন
কার ধ্বনিতে কাঁপতে থাকে দ্বৈতবাদের ঐ আসন
আহলেহাদীছ আন্দোলন। -ঐ
শান্তি ফিরে আনবে কে? আহলেহাদীছ আন্দোলন
আল-জিহাদের ময়দানে, আহলেহাদীছ আন্দোলন
'আহলেহাদীছ যুবসংঘ' বিপ্লবী এক বিস্ফোরণ
দাওয়াত ও জিহাদের আলোড়ন
আহলেহাদীছ আন্দোলন। -ঐ

# আহলেহাদীছ যিন্দাবাদ

*-মুহাম্মাদ নিযামুদ্দীন, কুষ্টিয়া।*

যিন্দাবাদ, যিন্দাবাদ, আহলেহাদীছ যিন্দাবাদ
নির্ভেজাল তাওহীদের পতাকা তলে আয়রে দলে
হয়ে আজকে রে আযাদ
যিন্দাবাদ যিন্দাবাদ যিন্দাবাদ।
আমরা মানি না ফেরকাবন্দী
মানি না কারো ফন্দি
মানি না মাযহাব ভণ্ড পীরের হাতে গড়া যত গণ্ডী,
আমরা ভাঙ্গিব বৃত্ত সমাজে

প্রশস্ত চিত্ত লাগাব কাজে
আছে এ বিশ্বাস অগাধ
যিন্দাবাদ যিন্দাবাদ যিন্দাবাদ। -ঐ।

## আহলেহাদীছ যুবক দল

*-আব্দুস সুবহান, বগুড়া।*

আহলেহাদীছ যুবকদল সম্মুখ পানে এগিয়ে চল,
দাওয়াত ও জিহাদ ছাড়া কেমনে পাবি নাজাত তোরা
সম্মুখ পানে চলরে ছুটিয়া, মুক্তির গান যাওরে গাহিয়া ॥
নমরূদ আর রোহবান যত শিরক-বিদ‘আত করছে কত
ফেরাঊন আবুজেহেল শত এই জাহানে ঘুরছে কত
যথা তথা করছে যুলুম দেখরে চাহিয়া ॥ সম্মুখ পানে.....।
বজ্র হাতে ধররে অসি যালেমের খঞ্জর পড়ুক খসি
নারায়ে তাকবীর ধ্বনি উঠুক কেঁপে এই ধরণী
ঊর্ধ্বে তুলে আল্লাহ্র বাণী যাওরে গাহিয়া ॥ সম্মুখ পানে.... ॥
হানরে আঘাত গর্দানেতে ঝরুক লহু এই ধরাতে
আযাযীলের দোসর মস্তক হৌক ভূলুণ্ঠিত
বীর মুজাহিদ চলরে গাহিয়া ॥ সম্মুখ পানে.......... ॥
কুফরীতে যারা উঠিছে মাতি, নিভে দে তাদের কবরের বাতি
শয়তানের আখড়া ভেঙ্গেচুরে শিরনী মানত ফেলরে দূরে ॥
সম্মুখ পানে... ॥
হোক সব যালেমের পতন, ঐ চেয়ে দেখ কালেমার কেতন
নতুন রবি উঠল এবার নেইতো সময় আর ঘুমাবার
তাক্বলীদের ঐ মিথ্যা মোহ যাক রে টুটিয়া ॥
সম্মুখ পানে.... ॥

## আমরা যে নির্ভীক

*-মুহাম্মাদ জাহাঙ্গীর আলম, সাতক্ষীরা।*

আমরা যে নির্ভীক কুরআন ও সুন্নাহ্র মুজাহিদ
মানি না কারো মোরা আল্লাহ ছাড়া, আল্লাহ ছাড়া

ভাঙ্গব প্রাচীর ভেদাভেদের
মিটবে হানাহানি
আমরা সোনামণি। -ঐ

## আমরা ফুলের কলি

*- আব্দুল্লাহ আল-মা'রূফ, বগুড়া।*

আমরা সোনা আমরা মণি আমরা ফুলের কলি
অহি-র সুবাস বুকে নিয়ে এক সাথে পথ চলি।
সত্য কথা বলতে কভু পাইনা মোরা ভয়
সত্য বলার সাহস থাকলে বিজয় সুনিশ্চয় (২)
মিথ্যা কথার শিকলগুলো পায়ের নিচে দলি। −ঐ
আযান দিলে আমরা কেহ রইনা বসে ঘরে
ওযূ করে মসজিদেতে যাই ছালাতের তরে (২)
পিতা-মাতা, গুরুজনের কথা মেনে চলি। −ঐ

## কুরআন শিক্ষা

*-নাজমুন্নাহার, নওগাঁ।*

মাগো আমি শিখবো নাকো হাট্টিমাটিম টিম
শিখবো আমি কুরআন থেকে আলিফ-লাম-মীম॥
১০টি করে ছওয়াব মাগো একটি হরফে
একথাটি অনেক দামী হাদীছে আছে॥
কষ্ট যতই হোক না মাগো থাকবো না জ্ঞানহীন। -ঐ
কুরআন হলো সেই সে বাণী মহান প্রভুর দান
কুরআন দিয়ে গড়লে জীবন হবো সফলকাম॥
দো'আ করুন যেন আমি এই পথে থাকি বিরামহীন। -ঐ
কুরআন বুঝে পড়বো মাগো মানবো বিধান তার
হকের উপর কায়েম থেকে করবো তার প্রচার॥
দো'আ কর মাগো আমায় আল্লাহ তাওফীক দিন। -ঐ

# সীমাহীন রহস্য

*-মুহাম্মাদ আযীযুর রহমান, খুলনা।*

সুবহানাল্লাহ আল-হামদুলিল্লাহ লা-ইলাহা ইল্লাল্লাহ
পূর্ণিমার চাঁদে দাও দৃষ্টি
কত সুন্দর আল্লাহ্‌র সৃষ্টি॥
মন ভরে দেখ উদয়-অস্তের রবি
চারিদিকে অসংখ্য রঙিন ছবি। -ঐ
সাগর ও বনের অনাবিল দৃশ্য
আছে সেথায় সীমাহীন রহস্য॥
ক্ষেতভরা ফসল সবুজ
বুঝিনি মোরা বড়ই অবুঝ॥
সবই আল্লাহ্‌র দান
তিনি বড়ই মেহেরবান॥ -ঐ
এসো সবে আল্লাহ্‌র প্রশংসা করি
রাসূলের আদর্শে জীবন গড়ি। -ঐ

# বাতিলের ঐ বদ্ধ দুয়ার

*-আব্দুল্লাহ আল-মা'রূফ, বগুড়া।*

বাতিলের ঐ বদ্ধ দুয়ার খুলে
সোনামণিরা আয়রে দলে দলে
সাজাবো মোরা জীবনটাকে
অহীর ফুলে ফুলে॥
রাসূলের আদর্শ দিয়ে গড়ব জীবন মোরা
চাঁদনী রাতের গগন মাঝে আমরা দীপ্ত তারা (২)
পথ হারাদের আনব ফিরে
সঠিক পথের মূলে॥ -ঐ
কুরআন-সুন্নাহ্‌র মশাল জ্বেলে ঘুচাব অন্ধকার
ঘুণে ধরা এই সমাজটাকে করব সংস্কার (২)
সফল হয়ে পার হতে চাই
পুলছিরাতের পুলে। -ঐ